DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Jul 2026, 01:22 PM

অর্থনীতি

# দেশের বাজারে স্বর্ণের দামে বড় পতন, ভরিতে কত?

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৯ জুলাই ২০২৬, ১২:১৬ PM



দেশের বাজারে আবারও কমেছে স্বর্ণের দাম। বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস) প্রতি ভরিতে ৩ হাজার ৩২৪ টাকা কমানোর সিদ্ধান্ত নিয়েছে। ফলে ভ্যাটসহ ২২ ক্যারেটের এক ভরি স্বর্ণের দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২১ হাজার ৯৬৬ টাকা।

বৃহস্পতিবার (৯ জুলাই) সকালে এক বিজ্ঞপ্তিতে বাজুস এ তথ্য জানায়। সংগঠনটি বলেছে, স্থানীয় বাজারে তেজাবি (পিওর) স্বর্ণের দাম কমায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় নতুন মূল্য নির্ধারণ করা হয়েছে। নতুন দাম আজ বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে কার্যকর হবে।

নতুন মূল্যতালিকা অনুযায়ী, ভ্যাটসহ প্রতি ভরি ২১ ক্যারেটের স্বর্ণের দাম ২ লাখ ১১ হাজার ৯৯৩ টাকা। ১৮ ক্যারেটের প্রতি ভরির দাম ১ লাখ ৮২ হাজার ৪৩৭ টাকা এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি স্বর্ণের দাম ১ লাখ ৪৮ হাজার ৭৭৪ টাকা নির্ধারণ করা হয়েছে।

বাজুস জানিয়েছে, পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত দেশের সব জুয়েলারি প্রতিষ্ঠানে এই দাম কার্যকর থাকবে। তবে অলঙ্কারের নকশাভেদে

মজুরি প্রযোজ্য হবে। বিক্রয়মূল্যের মধ্যেই ভ্যাট অন্তর্ভুক্ত থাকবে। এছাড়া অলঙ্কার এক্সচেঞ্জ ও পারচেজের ক্ষেত্রে আগের নিয়মই বহাল থাকবে।

এর আগে গত ৬ জুলাই স্বর্ণের দাম কমিয়ে ২২ ক্যারেটের প্রতি ভরির মূল্য ২ লাখ ২৫ হাজার ২৯০ টাকা নির্ধারণ করা হয়েছিল। সেদফায় ভরিতে কমানো হয়েছিল ৩ হাজার ২৬৬ টাকা।

চলতি বছরে এখন পর্যন্ত দেশের বাজারে ৮৮ বার স্বর্ণের দাম সমন্বয় করা হয়েছে। এর ভিতরে ৪৩ বার দাম বেড়েছে, ৪৪ বার কমেছে এবং একবার ভ্যাট সমন্বয় করা হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**বিশ্ববাজারে স্বর্ণের দামে বড় পতন**

মধ্যপ্রাচ্যে সংঘাত আরও তীব্র হওয়ায় মূল্যস্ফীতি কমার আশা ম্লান হয়ে গেছে। এর প্রভাবে আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দাম প্রায় কমছে প্রতিদিনই। তেল...




**আল-আরাফাহ ইসলামী ব্যাংকে নতুন পরিচালনা পর্ষদ গঠন**

আল-আরাফাহ ব্যাংকে নতুন পরিচালনা পর্ষদ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। বুধবার (১৫ জুলাই) ১৪ জন উদ্যোক্তা শেয়ারহোল্ডারকে পরিচালনা পর্ষদে যুক্ত করা হয়।...




### দেশে ৩৪ দিনের জ্বালানি তেল মজুত আছে

হরমুজ প্রণালি বন্ধ হয়ে যাওয়ায় বৈশ্বিক জ্বালানি বাজারে নতুন করে অনিশ্চয়তা তৈরি হয়েছে, যা বাংলাদেশকেও ফেলেছে উদ্বেগে। যদিও দেশে বর্তমানে প্রায়...



### দেশে আবারও কমল স্বর্ণের দাম

দেশের বাজারে স্বর্ণের দাম আরেক দফা কমিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। এবার ভরিতে ২ হাজার ১৫৮ টাকা কমিয়েছে সংগঠনটি। এতে ২২ ক্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/economy/desher-bajare-sbrner-dame-br-ptn-bhrite-kt